

স্বাস্থ্য ও নিরাপত্তা কর্মীরা আমার ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শনে আসছেন -

কেন ?

(The health and safety people visit my business-)

এইচএসই ও স্থানীয় কর্তৃপক্ষগুলো সাধারণ জনগণ এবং কাজে নিয়োজিত ও কাজের কারণে জীবনযাত্রায় প্রভাব পড়ে এমন সব মানুষের স্বাস্থ্য, নিরাপত্তা ও কল্যাণ কার্যক্রম দেখাশোনার দায়িত্ব পালন করে। আমরা চাই স্বাস্থ্য ও নিরাপত্তা ব্যবস্থা একটি সভ্য সমাজের প্রধান স্তম্ভ হিসাবে দেখতে। অতএব আমরা কর্মস্থলে স্বাস্থ্য ও নিরাপত্তার এমন একটি রেকর্ড স্থাপন করতে চাই যা বিশ্বে নেতৃস্থানীয় (ইতিমধ্যেই আমাদের রয়েছে অন্যতম সেরা নিরাপত্তা বিষয়ক রেকর্ড)। এ লক্ষ্যে আমরা ব্যবসা প্রতিষ্ঠান, কর্মচারীবৃন্দ ও তাদের ট্রেড ইউনিয়নগুলোর সাথে অংশীদারিত্বমূলকভাবে কাজ করছি। আমরা পরামর্শ, দিক নির্দেশনা ও তথ্য প্রদান করছি- জাতীয় ও স্থানীয়, উভয় পর্যায়েই।

একেকটি ব্যবসা প্রতিষ্ঠানে গিয়ে পরিদর্শনের মাধ্যমেও আমরা আমাদের লক্ষ্য অর্জনের চেষ্টা করি। এইচএসই ও স্থানীয় কর্তৃপক্ষ কোন প্রতিষ্ঠানে যাবে তা কিভাবে ঠিক করে? আমরা সেটা করি নিরাপত্তা ঝুঁকির ভিত্তিতে। যেখানে ঝুঁকি সবচেয়ে বেশী হওয়ার সম্ভাবনা, সেখানেই আমাদের কার্যক্রম জোরদার করার চেষ্টা করি। সেখানেই আমাদের কাজের সবচেয়ে বেশী ফল পাওয়া যাবে, বিশেষ করে যেখানেঃ

- আমাদের কাছে প্রমাণ আছে যে **স্বাস্থ্য ও নিরাপত্তা তৎপরতা দুর্বল**- হয় আপনার নিজ ব্যবসায় বা ব্যবসা- ক্ষেত্রে, অথবা আপনি যে ধরনের কাজে নিয়োজিত তাতে যদি দুর্ঘটনা বা অসুস্থ হয়ে পড়ার উচ্চ হার দেখা যায়। আপনার ব্যবসা পরিদর্শনকালে আমাদের কর্মীরা প্রধানতঃ জোরদেবে যে সব ঝুঁকিকে জাতীয় স্বাস্থ্য ও নিরাপত্তা উন্নয়ন কার্যক্রমে অগ্রাধিকার হিসাবে চিহ্নিত করা হয়েছে সেগুলোর ওপর (যেমন উঁচু স্থান থেকে অথবা সমতল স্থানে পড়ে যাওয়া), যেহেতু সেসব ক্ষেত্রেই জাতীয়ভাবে স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত কর্মতৎপরতা উন্নত করার সবচেয়ে বেশী সম্ভাবনা রয়েছে।
- আপনি অনেকগুলো ঝুঁকিপূর্ণ শিল্পের একটিতে নিয়োজিত (যেমন সমুদ্র উপকূলীয়, আনবিক রেল, কতিপয় কেমিক্যাল এবং বিস্ফোরক পদার্থ সম্পর্কিত শিল্প)। এসব শিল্পের বেশীরভাগই কোনও নিরাপত্তা ব্যবস্থা বা লাইসেন্স পদ্ধতির আওতায় কাজ করে। এই কারণে প্রথমেই আমাদেরকে আপনার প্রস্তুতকৃত নিরাপত্তা ব্যবস্থা মূল্যায়ন করতে হবে, যেখানে কিভাবে আপনি আপনার ব্যবসা প্রতিষ্ঠানে আপনার কর্মচারীদের এবং/অথবা জনসাধারণের জন্য সম্ভাব্য বিপদ সৃষ্টিকারী ঝুঁকিগুলোকে চিহ্নিত এবং নিয়ন্ত্রণ করবেন তার বিবরণ থাকবে। আপনার প্রতিষ্ঠানে আমাদের পরিদর্শনকালে আমরা একটি আনুপাতিকভাবে উপযুক্ত ও ইতিবাচক স্বাস্থ্য ও নিরাপত্তা পরিমন্ডলে, কারিগরি ও সাংগঠনিক উভয় দিক থেকে, বিভিন্ন নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা বহাল এবং কার্যকরভাবে চলমান আছে কিনা সে ব্যাপারে নিশ্চিত হতে চাইব।
- আমরা কোনও একটি সুনির্দিষ্ট ঘটনা (দুর্ঘটনা বা কাজের সাথে সম্পর্কিত অসুস্থতা) অথবা অভিযোগ অনুসন্ধান করতে চাই। আমরা এখানে আমাদের প্রচেষ্টা জোরদার করব সবচেয়ে মারাত্মক ঘটনা- যার ফলে মৃত্যু বা গুরুতর জখম হয়েছে- বা যেগুলো জাতীয় স্বাস্থ্য ও নিরাপত্তা উন্নয়নের জন্য আমাদের অগ্রাধিকার সমূহের সাথে সম্পর্কিত সেগুলোর উপর। আমাদের পরিদর্শকদের তদন্তে কোথায় ত্রুটি হয়েছে, তা বের করতে এবং আপনার ব্যবসা ও অন্যরা যারা একই ধরনের কাজ করেন তাদের জন্য শিক্ষণীয় বিষয় নির্ধারণের চেষ্টা করব।

এইচএসই ও স্থানীয় কর্তৃপক্ষের কর্মচারীরা সীমিত সংখ্যায় আরও পরিদর্শন করেনঃ

- নতুন ব্যবসা বা প্রতিষ্ঠানের নিজ আঙ্গিনায় কি কি ঝুঁকি থাকতে পারে তা নিরূপন করতে
- কিছু ভৌগলিক এলাকা বা ব্যবসা খাত নির্দিষ্ট করে সাধারণভাবে সেখানকার সুনির্দিষ্ট অগ্রাধিকারযুক্ত বিষয়, যেমন পিঠে ব্যাখার সমস্যা বা কর্মক্ষেত্রে পরিবহন ব্যবস্থা নিবিড়ভাবে দেখতে
- অনির্ধারিতভাবে, নিয়মবিধির সঠিক প্রতিপালন দেখার জন্য জরুরী স্থানীয় যাচাইঞ্চঃ (স্পট চেক) করতে
- নতুন পরিবর্তন বা পদ্ধতির সাথে পরিচিতি বা প্রশিক্ষণের উদ্দেশ্যে

একাধিক স্থানে অবস্থিত ব্যবসা প্রতিষ্ঠানের ক্ষেত্রে আমরা একেকটি আলাদা স্থানের পরিবর্তে পুরো ব্যবসার ওপর দৃষ্টি দিতে চাই- যাতে দ্বৈততা ও পূণরাবৃত্তি এড়িয়ে একটি পূর্বাপর সঙ্গতিপূর্ণ মান অর্জন করা যায়।

স্থানীয় কর্তৃপক্ষ যদিও জাতীয়ভাবে নির্ধারিত অগ্রাধিকারের উপর এবং দুর্ঘটনা ও অভিযোগের প্রেক্ষিতে সাড়া দিতে তাদের প্রচেষ্টা নিবদ্ধ করেন, তথাপি তারা স্থানীয় কমিউনিটিগুলোর বিশেষ অগ্রাধিকারযুক্ত বিভিন্ন ইস্যুর উপরও গুরুত্ব দিয়ে থাকেন।

পরিদর্শনের কারণ যাই হোক, আমরা আপনার ব্যবসাতে স্বাস্থ্য, নিরাপত্তা ও জনকল্যাণের মান যাচাই করব এবং মানুষকে অসুস্থ হতে বা কাজের সময় আহত হওয়া রোধ করার ব্যাপারে আপনাকে পরামর্শ দেব।

আমরা বিশ্বাস করি না যে কর্মস্থলের সব ঝুঁকি একেবারে দূর করা যাবে। এর পরিবর্তে আমরা দেখতে চাইব আপনার স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক ঝুঁকি কমাতে আপনি সুবুদ্ধি সম্পন্ন ব্যবস্থা নিচ্ছেন কি না। যেখানে প্রয়োজন হবে, উদাহরণস্বরূপ যেখানে পরিবেশ খারাপ বা আইনের প্রতি বেপরোয়া অবজ্ঞা রয়েছে, সেক্ষেত্রে অবস্থার উন্নতি করতে বাধ্য করার জন্য আমাদের কর্মচারীরা প্রয়োজনে আদালতে মামলা পেশ করার ক্ষমতাসহ তাঁদেরকে প্রদত্ত সকল ক্ষমতা প্রয়োগ করবেন।

আমরা আশা করি আমরা কেন আপনার ব্যবসা পরিদর্শন করব, কিভাবে আমরা অগ্রাধিকার নির্ধারণ করি, এবং আপনার ব্যবসাতে গিয়ে আমরা কি করব সে সম্পর্কে এই ব্যাখ্যা আপনার জন্য সহায়ক হবে। আপনার কাছে এটি সহায়ক ও স্পষ্ট মনে হয়েছে কি না সে ব্যাপারে আমাদেরকে জানাতে চাইলে দয়া করে আপনার মাতামত business.involvement.team@hse.gsi.gov.uk ঠিকানায় প্রেরণ করুন।